

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৬৪১	তারিখঃ ২৭/৮/২২	প্রকৌশলীঃ	
অঃ সঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ সঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৯.২১.৯২৭

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯

১১ আগস্ট ২০২২

বিষয়: পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের (কোড-১৫৫) আওতায় পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পের পূর্ত কাজের ব্যয় নির্বাহের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের পূর্ত কাজে ৪১১১২০১-অন্যান্য অবকাঠামোগত ব্যয় খাতের জন্য উপসচিব ও প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ, প্রধান কার্যালয়, রাজামাটি এর স্মারক নং-২৯.৩২.৮৪০০.০০৪.১৪.০২৪.১৯-৭৬১ তারিখ: ২৬/০৬/২০২২খ্রিঃ এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ১১১.২০ লক্ষ (এক কোটি এগারো লক্ষ বিশ হাজার) টাকার চেকটি, যাহার চেক নম্বর নম্বর CD-50 8856001 তারিখ: ২৬/০৬/২০২২ খ্রিঃ; সোনালী ব্যাংক লিমিটেড, নিউ কোর্ট বিল্ডিং শাখা, রাংগামাটি হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণ করা হল।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক নিম্নোক্ত শর্ত অনুসরণ করে খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি, পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করতে হবে।

শর্তসমূহ :

- প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।
- কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rules (PPR), 2008 এর সর্বশেষ সংশোধনসহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের হিসাব এ দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থের বিল ও ভাউচার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। ভবিষ্যতে অডিট সম্পাদনের সময় তা উপস্থাপন করতে হবে।

সংযুক্তিঃ চেক নম্বর CD-50 8856001 তারিখ: ২৬/০৬/২০২২ খ্রিঃ;